

উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

- সভাপতি : বেগম পারুলী আক্তারী, মহিলা ভাইস চেয়ারম্যান, ভাঙ্গা, ফরিদপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ ও সময় : ০৮/০৯/২০২২ খ্রিঃ, সময় : সকাল - ১১-০০ ঘটিকা।
সভার আলোচ্য বিষয় : ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। ভাতা সংক্রান্ত আলোচনা।
৩। রোগী কল্যাণ সমিতির আলোচনা এবং
৪। বিবিধ।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক" দৃষ্টব্য

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভার সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

সভায় বয়স্ক ভাতা, স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা সংক্রান্ত আলোচনা করা হয়। এ সম্পর্কে সদস্য সচিব জানান যে, ভাতাভোগীরা এখন যথাসময়ে ভাতা পাচ্ছে। বর্তমানে প্রতিবন্ধী ভাতা যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে। সংশ্লিষ্ট চেয়ারম্যানদের নিকট থেকে দ্রুত চূড়ান্ত তালিকা পেলে ভাতাভোগীদের বিকাশে পে রোল পাঠানো সম্ভব।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(বেগম পারুল আক্তারী)

মহিলা ভাইসচেয়ারম্যান

ও সভাপতি

উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি

ভাঙ্গা, ফরিদপুর

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গা, ফরিদপুর।
- ৩। অফিস কপি।

(মোহাম্মদ হুমায়ূন রহমান)

সদস্য সচিব

উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি

ও

উপজেলা সমাজসেবা অফিসার

ভাঙ্গা, ফরিদপুর

